# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৬৯

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ছেলে শিশু সন্তান যে মায়ের বুকের দুধ ছাড়া আর কোন খাবার খায় না, তার পেশাব কাপড়ে লাগলে তা ধৌত না করা বৈধ

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ تَرْك غَسْلِ الثَّوْبِ الَّذِي أَصَابَهُ بَوْلُ الصَّبِيِّ الْمُرْضَعِ الَّذِي لَمْ يَطْعَمْ بعد

আরবী

1369 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ بِحَرَّانَ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ زَيْدٍ الْخَطَّابِيُّ قَالَ: حَدَّثَنَا الْفِرْيَابِيُّ عَنْ سُفْيَانَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ: عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُؤْتَى بِالصِّبْيَانِ فَيُحَنِّكُهُمْ فأُتي بِصَبِيٍّ فَبَالَ عَلَيْهِ فَأَتْبَعَهُ الماء ولم يغسله.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1369 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

১৩৬৯. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে শিশুদের আনা হতো, অতঃপর তিনি তাদের তাহনীক করতেন। একবার এক শিশুকে তাঁর কাছে আনা হলে, শিশুটি তাঁকে পেশাব করে দেয়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাতে পানি ছিটিয়ে দেন কিন্তু তিনি তা ধৌত করেননি।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৪৮৯; হুমাইদী: ১৬৪; ইবনুল জারুদ, আল মুনতাকা: ১৪৫; মুয়াত্তা ইমাম মালিক: ১/৬৪; সহীহ আল বুখারী: ২২২; নাসাঈ: ১/১৫৭; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৯৩; সুনান বাইহাকী: ২/৪১৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১২০; মুসনাদ আহমাদ: ৬/৫২; ইবনু মাজাহ: ৫২৩; সহীহ মুসলিম: ২৮৬; আবূ আওয়ানা: ১/২০১; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান ইবনু মাজাহ: ৫২৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90683

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন